গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর:৩৪.০০.০০০০.০০০.০৫১.৯৭.০০০১.২৬-৫০ — তারিখ: ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় : চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে যুবসংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায় হতে আবেদনপত্র প্রেরণের সময়সীমা নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আত্মকর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচন কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ নিবন্ধিত সকল যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে যুব সংগঠন কর্তৃক অনলাইন দরখাস্ত দাখিলের নিমিত্ত অনুদানের বিজ্ঞপ্তি ৩০ জানুয়ারি ২০২৬ তারিখ দৈনিক আমার দেশ এবং দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত হয়েছে। বহুল প্রচারের জন্য অনুদানের বিজ্ঞপ্তি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটসহ জেলা ও উপজেলা পোর্টালে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। এ লক্ষ্যে যুব সংগঠন কর্তৃক অনলাইন আবেদন দাখিলের সময়সীমা এবং মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ কর্তৃক তা প্রেরণের সময়সীমা নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে :

| | | |
|---|---|---|
| যুব সংগঠন কর্তৃক অনলাইনে আবেদন দাখিলের নির্ধারিত সময়সীমা | : | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত |
| উপজেলা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক যুব সংগঠসমূহের আবেদনসমূহ সুপারিশসহ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের নির্ধারিত সময়সীমা | : | ০২ মার্চ ২০২৬ হতে ১০ মার্চ ২০২৬ পর্যন্ত |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা থেকে প্রাপ্ত আবেদনসমূহ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সুপারিশসহ জেলা কার্যালয়ে প্রেরণের নির্ধারিত সময়সীমা | : | ১১ মার্চ ২০২৬ হতে ১৮ মার্চ ২০২৬ পর্যন্ত |
| অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সুপারিশপ্রাপ্ত আবেদনসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সকল কার্যক্রম শেষে জেলা যাচাই-বাছাই কমিটির মাধ্যমে এ মন্ত্রণালয়ে প্রেরণের নির্ধারিত সময়সীমা | : | ১৯ মার্চ ২০২৬ হতে ০৭ এপ্রিল ২০২৬ পর্যন্ত |

এমতাবস্থায়, উপরে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে মাঠ পর্যায়ের কার্যক্রম শেষে যুব সংগঠন কর্তৃক অনলাইনে দাখিলকৃত উপযুক্ত আবেদনসমূহ এ মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বিজ্ঞপ্তি'র কপি।

০১.০২.২০২৬

মো. মাসুম আহমেদ
উপসচিব
ফোন : ০১৭১৪০৩৮৮০৭

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৫১.৯৭.০০০১.২৬-৫০ — তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল উপপরিচালক এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে (মেট্রোপলিটন ইউনিট থানা কর্মকর্তাসহ) এ মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহের আলোকে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। যুগ্মসচিব (যুব অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। জেলা প্রশাসক (সকল) [তাঁর আওতাধীন মহানগরীর ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং সকল উপজেলা নির্বাহী অফিসার-কে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদানের অনুরোধসহ] ।

৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনে প্রাপ্ত উপযুক্ত যুব সংগঠনের আবেদনসমূহ সুপারিশপূর্বক তা অনলাইনের মাধ্যমে নির্ধারিত সময়ের (১১ মার্চ ২০২৬ হতে ১৮ মার্চ ২০২৬ পর্যন্ত) মধ্যে জেলা কমিটির সদস্য-সচিব হিসেবে সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর প্রেরণের অনুরোধসহ)।

৮। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল) (এ বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনে প্রাপ্ত উপযুক্ত আবেদনে সুপারিশ প্রদানপূর্বক নির্ধারিত সময়ের (১১ মার্চ ২০২৬ হতে ১৮ মার্চ ২০২৬ পর্যন্ত) মধ্যে জেলা কমিটির সদস্য-সচিব হিসেবে সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর অনলাইনে প্রেরণের অনুরোধসহ)।

১০। উপপরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় (তাকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো ) :

(ক) সকল উপজেলা/মেট্রোপলিটন ইউনিট থানা কার্যালয়ে অধিক সংখ্যক যুব সংগঠন যাতে আবেদন দাখিল করে সে বিষয়ে উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থাকরণ করতে হবে।

(খ) এ মন্ত্রণালয়ের ০৬ নভেম্বর ২০২৫ তারিখের ৩৪.০০.০০০০.০০০.০৫১.০৬.০০০১.২৫-২৮৭ সংখ্যক পরিপত্র অনুযায়ী গঠিত জেলা কমিটি, মহানগরী কমিটি ও উপজেলা কমিটির কার্যপরিধির আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) বিজ্ঞপ্তির শর্তাবলী অনুযায়ী ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠনসমূহের অনলাইন আবেদন বিবেচনার যোগ্য হবে না। এ ক্ষেত্রে কোনো অনলাইন আবেদন দাখিল করা হলে তা জেলা কমিটির মাধ্যমে বাতিল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) আবেদনকারী যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে আবশ্যিকভাবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক যাচাই-বাছাই ফরমের নির্ধারিত স্থানে প্রত্যয়ন থাকতে হবে। এ ছাড়া অধিকতর স্বচ্ছতার লক্ষ্যে দাখিলকৃত আবেদনের সাথে ব্যাংক স্টেটমেন্ট ও নিবন্ধন সনদসহ অন্যান্য চাহিত তথ্যাদি যাচাই-বাছাইয়ের বিষয়ে নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার (মেট্রোপলিটন ইউনিট থানা কর্মকর্তাসহ) প্রত্যয়ন থাকতে হবে।

(ঙ) উপজেলা/মেট্রোপলিটন যুব ইউনিট থানা কার্যালয় হতে অনলাইনে প্রাপ্ত যুব সংগঠনের আবেদনসমূহ জেলা যাচাই-বাছাই কমিটির নিকট পেশ করার পূর্বে যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন/স্বীকৃতিপত্র, নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক সংগঠনের নিবন্ধন/হালনাগাদ সঠিকতা যাচাইয়ের ব্যবস্থা করতে হবে ।

(চ) যুব সংগঠন কর্তৃক দাখিলকৃত অনলাইন আবেদন অনুযায়ী সংগঠনের কার্যক্রম সম্পর্কে নিশ্চিত হয়ে নির্ধারিত স্থানে তাঁর সুস্পষ্ট সুপারিশ/মতামত প্রদান করতে হবে।

(ছ) কার্যক্রম শেষে যুব সংগঠনের অনলাইনে প্রাপ্ত আবেদন জেলা প্রশাসকের সভাপতিত্বে গঠিত জেলা যাচাই-বাছাই কমিটির নিকট উপস্থাপন করতে হবে। অতঃপর কমিটির সুপারিশ সংবলিত কার্যবিবরণী (কার্যবিবরণীতে সঠিক ও ত্রুটিপূর্ণ সংগঠনের নাম উল্লেখসহ) নির্ধারিত সময়ের (১৯ মার্চ ২০২৬ হতে ০৭ এপ্রিল ২০২৬ পর্যন্ত) মধ্যে অনলাইনের মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ত্রুটিপূর্ণ আবেদন জেলা কমিটির মাধ্যমে বাতিল করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পর তাঁর প্যানেল বোর্ড স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

(জ) সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ইউজার গাইড (User Guide) অনুসরণ করতে হবে ।

(ঝ) এ বিষয়ে যে কোনো সমস্যা নিরসনকল্পে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান Swift Solution এর প্রতিনিধির সহযোগিতা নেয়া যেতে পারে (প্রজেক্ট ম্যানেজার, মোবাইল নম্বর: 01340544354)।

১১। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ )।

১২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা/ইউনিট থানা। কার্যালয় (তাকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো ) :

(ক) সকল উপজেলা/মেট্রোপলিটন ইউনিট থানা কার্যালয় হতে যাতে অধিক সংখ্যক যুব সংগঠন আবেদন দাখিল করে সে বিষয়ে তার আওতাধীন সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) এ মন্ত্রণালয়ের ০৬ নভেম্বর ২০২৫ তারিখের ৩৪.০০.০০০০.০০০.০৫১.০৬.০০০১.২৫-২৮৭ সংখ্যক পরিপত্র অনুযায়ী গঠিত মহানগরী (মেট্রোপলিটন) ও উপজেলা কমিটির কার্যপরিধির আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পাতা/৩

(গ) যুব সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন আবেদন দাখিলের ক্ষেত্রে সকল প্রকার সহযোগিতা প্রদানসহ অনলাইন আবেদন দাখিলের পূর্বে যাতে আবেদন দাখিলের পদ্ধতিসমূহ অনুসরণ করে সে বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করতে হবে।

(ঘ) বিজ্ঞপ্তির শর্তাবলী অনুযায়ী ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠন অযোগ্য হিসেবে বিবেচিত হবে। উক্ত অর্থবছরগুলোতে অনুদানপ্রাপ্ত যুব সংগঠনের কোনো আবেদন পাওয়া গেলে তা জেলা কমিটির মাধ্যমে বাতিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঙ) আবেদনকারী যুব সংগঠনের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় তথ্যাদির বিষয়ে নিশ্চিত হয়ে সুপারিশ করতে হবে এবং আবেদনকারী যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে আবশ্যিকভাবে আবেদন যাচাই বাছাই ফরমের নির্ধারিত স্থানে তাঁর প্রত্যয়ন থাকতে হবে।

(চ) উপজেলা পর্যায়ে যুব সংগঠন কর্তৃক অনলাইন আবেদন দাখিল করার পর অধিকতর স্বচ্ছতার লক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (মেট্রোপলিটন ইউনিট থানা কর্মকর্তাসহ) কর্তৃক ব্যাংক স্টেটমেন্ট ও নিবন্ধন সনদসহ অন্যান্য চাহিত তথ্যাদি যাচাই-বাছাই নিশ্চিত করতে হবে।

(ছ) সফটওয়্যার সিস্টেমে প্যানেল বোর্ডে প্রদর্শিত নির্ধারিত সময়ের (০২ মার্চ ২০২৬ হতে ১০ মার্চ ২০২৬) মধ্যে কার্যক্রম শেষে মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদনসমূহ অনলাইনে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পর তাঁর প্যানেল বোর্ড স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

(জ) উপজেলা/মহানগরী ইউনিট থানা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সুপারিশ ভিত্তিহীন প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।

(ঝ) সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ইউজার গাইড (User Guide) অনুসরণ করতে হবে।

(ঞ) সফটওয়্যার বিষয়ে যে কোনো সমস্যা নিরসনকল্পে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান Swift Solution এর প্রতিনিধির সহযোগিতা নেয়া যেতে পারে (প্রজেক্ট ম্যানেজার, মোবাইল নম্বর: 01340544354 )।

বিঃ দ্রঃ সকল আবেদন যাচাই-বাছাই শেষে বাছাইকৃত আবেদনসমূহ শুধুমাত্র একটি ফাইলের মাধ্যমে মহানগরীর ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার বরাবর অনলাইনে প্রেরণ করতে হবে। সফটওয়্যার সিস্টেমে এককভাবে কোনো যুব সংগঠনের আবেদন যাচাই বাছাই করে প্রেরণ করার কোনো সুযোগ নেই।

১৩। প্রজেক্ট ম্যানেজার, Swift Solution, মিরপুর, ঢাকা (নির্ধারিত সময়সূচি সিস্টেম প্যানেলে আপলোড করার অনুরোধসহ)।

১৪। অফিস কপি।

মামুন আহমেদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.২৩.১৩৮.২১.৭৫ তারিখ: ২০ মাঘ ১৪৩৩ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো:

অনুলিপি: সদয় কার্যার্থে:

১। উপপরিচালক ......................., (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর ।
২। প্রোগ্রামার, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল উপজেলা/ইউনিট থানা)

সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব (যুব-১ শাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ নজরুল ইসলাম শেখ)
সহকারী পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন শাখা
মোবাইল: ০১৭১২০১৪৬০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০০০.০৫১.৯৭.০০০১.২৬-৪৫

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## অনুদানের বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে যুব সংগঠনসমূহকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নোক্ত ০২ (দুই)টি ক্যাটাগরিতে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদানের নিমিত্ত উল্লিখিত নীতিমালা/শর্তাবলী অনুযায়ী অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

০১. অনুদানের ধরণ:

❖ **বিশেষ ক্যাটাগরির ক্ষেত্রে-**

ক. সারাদেশের উপযুক্ত ২০ (বিশ)টি যুব সংগঠনকে আত্মকর্মসংস্থানমূলক গৃহীত প্রকল্পের কার্যক্রমের ব্যাপ্তি, গুরুত্ব ও প্রভাব বিবেচনায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদান করা হবে।

❖ **সাধারণ ক্যাটাগরির ক্ষেত্রে-**

ক. প্রতি জেলার সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত একটি যুব সংগঠনকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদান করা হবে।

খ. যোগ্যতা অর্জন সাপেক্ষে প্রতি উপজেলায় (মেট্রোপলিটন যুব ইউনিট কার্যালয়সহ) একটি যুব সংগঠনকে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা করে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদান করা হবে।

০২. উভয় ক্যাটাগরির জন্য আবেদনের নীতিমালা/শর্তাবলী নিম্নরূপ:

১. আবেদনকারী যুব সংগঠনকে আবশ্যিকভাবে দেশের বিদ্যমান আইন অনুযায়ী রেজিস্টার্ড/নিবন্ধনভুক্ত হতে হবে।

২. যুবকল্যাণ তহবিল হতে অনুদান প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নিবন্ধিত যুব সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

৩. উপানুষ্ঠানিক শিক্ষা, ঋণ, ধাত্রীবিদ্যার সাথে সম্পর্কিত প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।

৪. প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম বাস্তবায়নের জন্য সম্ভাব্য মোট ব্যয়ের কমপক্ষে শতকরা ২০ (বিশ) ভাগ অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।

৫. বিশেষ চাহিদাসম্পন্ন/প্রতিবন্ধী/তৃতীয়লিঙ্গ ব্যক্তি দ্বারা পরিচালিত যুব সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৬. আবেদনপত্রের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণাদি আপলোড করতে হবে।

৭. যেসব যুব সংগঠন বিবেচ্য অর্থবছরের পূর্ববর্তী তিন অর্থবছর (২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫) অনুদান পেয়েছে সে সকল সংগঠন আবেদনের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

৮. যে সকল যুব সংগঠন ব্যক্তি ঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত বা এ বিষয়ে বেসরকারী কোনো প্রতিষ্ঠানের সাথে ঋণ কার্যক্রম পরিচালনায় চুক্তিবদ্ধ সে সকল যুব সংগঠন আবেদনের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

৯. পশ্চাৎপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যপীড়িত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

১০. ব্যাংক স্টেটমেন্ট, নিবন্ধন সনদ ও চাহিত অন্যান্য তথ্যাদির সাথে যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে যাচাই বাছাই ফরমের নির্ধারিত স্থানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন থাকতে হবে।

১১. অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে-(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় আবেদনকারী যুব সংগঠনের সদস্যদের প্রশিক্ষণপ্রাপ্ত বিবরণ (বয়স ১৮-৩৫ বছর), (খ) বাস্তবায়িত প্রকল্প/ কার্যক্রম/ কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থানের তথ্য (গ) প্রশিক্ষণ, অনুদান সহায়তার মাধ্যমে যাদের দারিদ্র্য বিমোচন করা হয়েছে সে সম্পর্কিত তথ্য (ঘ) উদ্যোক্তা তৈরি সম্পর্কিত চাহিত তথ্যাদি।

পাতা/২

১২. যুব সংগঠনের কার্যক্রম যেমন (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম (যেমন-বাল্য বিবাহ প্রতিরোধ, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, যৌতুক বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম, মশক নিধন কার্যক্রম, নিরক্ষরতা দূরীকরণ, প্রশিক্ষণ, স্যানিটেশন কার্যক্রম) (২) যুবদের মূল্যবোধের উৎকর্ষ সাধন সম্পর্কিত কার্যক্রম (যেমন-স্বেচ্ছায় রক্তদান, পাঠাগার পরিচালনা, হতদরিদ্রদের সহায়তা ও শীতবস্ত্র বিতরণ, যুবদের নেতৃত্ব বিকাশ সাধন, বিশেষ চাহিদা সম্পন্নদের স্বাস্থ্য সেবা প্রদান, গর্ভবতী মহিলাদের স্বাস্থ্যসেবা প্রদান, মৃত ব্যক্তিদের সৎকারের ব্যবস্থা করা, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন) (৩) যুব সংগঠনের সামাজিক ক্ষেত্রে বিশেষ অবদান (যেমন- ক্রীড়া উন্নয়নে, সমাজসেবা ও জনকল্যাণে (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আদর্শসেবা), বিজ্ঞান প্রযুক্তি ও কারিগরি ক্ষেত্রে, নারী ও শিশু উন্নয়নে, শিক্ষার উন্নয়ন ও প্রসার, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে, কলা ও সংস্কৃতিতে) [প্রতিটি কার্যক্রমের প্রমাণাদি হিসেবে জেলা/উপজেলা প্রশাসনের কর্মকর্তার উপস্থিতির ছবি (ক্যাপশনসহ) সংযুক্ত করতে হবে]।

১৩. নীতিমালার শর্তাদি বহির্ভূত প্রকল্প/প্রস্তাবনা/কার্যক্রম অনুদানের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

১৪. যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

০২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (**www.moysports.gov.bd**) প্রবেশ করে সেবা বক্স-এ নাগরিক ই-সেবার আওতাভুক্ত যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান লিংক অথবা সরাসরি **http://43.229.14.43/pindex.php** ব্রাউজ করে ক্যাটাগরি অনুযায়ী নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তৎসঙ্গে ফিল্ডওয়ারি (অনুচ্ছেদভিত্তিক) চাহিত তথ্যাদি PDF আকারে আপলোড (Upload) করে আগামী ০১ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ (১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ) তারিখের মধ্যে অনলাইনের মাধ্যমে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর অনলাইনে আবেদন দাখিল কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

০৩। উল্লেখ্য, এ বিষয়ে যুব সংগঠনকে দুইটি ক্যাটাগরির মধ্যে যে কোনো একটি মাত্র ক্যাটাগরিতে (সাধারণ অথবা বিশেষ) অনুদানের আবেদন করতে হবে।

০৪। উল্লেখ্য, অনলাইনে আবেদন দাখিলের পদ্ধতিসমূহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির নিম্নে দৃশ্যমান রাখা হয়েছে।

মো. মাসুম আহমেদ
উপসচিব

# অনলাইন আবেদন দাখিলের অনুসরণীয় পদ্ধতিসমূহ (যুব সংগঠনের জন্য)

১. প্রথমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ( www.moysports.gov.bd ) ওপেন করুন এবং সেবা বক্সের নাগরিক ই-সেবার আওতাভুক্ত **যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান**–এ ক্লিক করুন অথবা ওয়েবসাইটে সরাসরি **http://43.229.14.43/pindex.php** ব্রাউজ করুন।

২. চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য **অনুদানের বিজ্ঞপ্তি** প্রদর্শিত হবে।

৩. ফরম পূরণের ক্ষেত্রে কিছু নির্দেশনা দেখা যাবে। অনলাইন আবেদন ফরমের ফিল্ডসমূহ যথাযথভাবে পুরণের জন্য **চোখ** চিহ্নিত বাটনে ক্লিক করুন এবং এক প্রস্থ আবেদন ফরম প্রিন্ট করে চাহিত/সংযুক্তির জন্য সকল তথ্যাদি/পেপার প্রস্তুত রাখুন। অতঃপর **এখন নয়** বাটনে ক্লিক করে বের হয়ে আসতে হবে।

৪. সংযুক্তির জন্য সকল তথ্যাদি প্রস্তুত হলে একইভাবে ওপেন করুন এবং বিশেষ কোটায় আবেদন করার জন্য **(বিশেষ কোটার আবেদন ফরম)** বাটনে ক্লিক করুন এবং অনুরুপভাবে সাধারণ কোটায় আবেদন করার জন্য **(সাধারণ কোটার আবেদন ফরম)** বাটন-এ ক্লিক করুন।

৫. সতর্কতার সাথে সকল ফিল্ডগুলো পুরণ করুন এবং **ইংরেজিতে ক্যাপচা দিয়ে দেখুন** বাটনে ক্লিক করুন।

৬. **প্রিন্ট** বাটনের উপর ক্লিক করে প্রয়োজনীয় সংখ্যক পুরণকৃত আবেদন প্রিন্ট করে সংরক্ষণ করুন ।

৭. যে সকল ফিল্ড ইংরেজিতে পুরণের জন্য বলা হয়েছে তা অবশ্যই ইংরেজিতে পুরণ করুন।

৮. পরবর্তী ধাপে যাবার পূর্বে পুরণকৃত আবেদনের কোন অংশ সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন করতে হলে এডিট বাটনে ক্লিক করুন এবং চাহিদা মোতাবেক সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন করুন এবং পুনরায় **ইংরেজিতে ক্যাপচা দিন** এবং প্রস্তুতকৃত সংযুক্তিসমূহ আপলোড করার জন্য **পরবর্তী ধাপ** বাটনে ক্লিক করুন ।

৯. সংযুক্তিসমূহ আপলোড করার জন্য প্রদর্শিত নির্দেশনাসমূহ ভালভাবে দেখুন।

১০. সংযুক্তিসমূহ **PDF** আকারে স্ক্যান করে সিরিয়াল অনুযায়ী **আপলোড (Upload)** করুন এবং প্রতিটি সংযুক্তির আপলোড হওয়ার সাথে সাথে ডান পার্শে **OK** লেখা দেখা যাবে এবং **চোখ** চিহ্নিত বাটনে ক্লিক করে দেখে নিন আপলোডটি সঠিক হয়েছে কিনা ।

১১. যথাযথভাবে আপলোড না হয়ে থাকলে পুণরায় আপলোড **(Upload)** করুন এবং সাথে সাথে পূর্বের আপলোড বাতিল হয়ে যাবে।

১২. চাহিত সকল সংযুক্তি আপলোড করার পর নির্ধারিত স্থানে **টিক(√)** চিহ্ন দিন এবং **দাখিল করুন** বাটনের উপর ক্লিক করুন।

১৩. আবেদনপত্র দাখিল হবার প্রমাণস্বরূপ ট্র্যাকিং নম্বরসহ প্রদর্শিত সনদপত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন।

১৪. **উল্লেখ্য, অনলাইন আবেদন দাখিল করার পর পরবর্তীতে পরিবর্তন/পরিমার্জন করার কোনরূপ সুযোগ নেই বা দ্বিতীয়বার আবেদন করারও কোন সুযোগ নেই।**

১৫. ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT)-এর মাধ্যমে অনুদানের অর্থ সংগঠনের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে স্থানান্তর করার সম্ভবনা রয়েছে। তাই অন্যান্য তথ্যাদির পাশাপাশি সংগঠনের সঠিক ব্যাংক **হিসাব নম্বর (Account Number)** এবং **রাউটিং নম্বর (Routing Number)** ব্যাংক থেকে জেনে অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে সঠিকভাবে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।